সমকাল

তারিখ ... 11 JUN 2017 ... পৃষ্ঠা ... কলাম ...

09 JUN 2017

# পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য বরাদ্দ ৪ হাজার ১৫১ কোটি টাকা

■ সমকাল প্রতিবেদক

**ইউজিসির বাজেট অনুমোদন**

দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য চার হাজার ১৫১ কোটি টাকার বরাদ্দ অনুমোদন করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। গতকাল রাজধানীর আগারগাঁওয়ে প্রতিষ্ঠানটির ১৪৭তম পূর্ণ কমিশনের সভায় এ বাজেট অনুমোদন দেওয়া হয়। এতে অনুন্নয়ন খাতে ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত এবং ২০১৭-১৮ অর্থবছরের মূল বাজেট অনুমোদন করা হয়।

এ বিষয়ে ইউজিসি এক বিজ্ঞপ্তিতে জানায়, কমিশনের সভায় ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ অর্থবছরে অনুন্নয়ন খাতে বাজেট ছিল ৩ হাজার ৭৮৮ কোটি ৯৭ লাখ টাকা, যা সংশোধিত বাজেটে বেড়ে তিন হাজার ৮৪৩ কোটি ৫৪ লাখে উন্নীত হয়। পাশাপাশি কমিশনের ব্যয় নির্বাহের জন্য বাজেট ছিল ৩৫ কোটি ৫ লাখ টাকা, যা সংশোধিত বাজেটে বৃদ্ধি পায় ৩৬ কোটি ২৩ লাখ টাকায়। ২০১৭-১৮ অর্থবছরে অনুন্নয়ন খাতে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর জন্য চার হাজার ১৫১ কোটি ৫১ লাখ টাকা এবং মঞ্জুরি কমিশনের জন্য ৩৭ কোটি ৩০ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে, যা আগের বছরের তুলনায় ৯ দশমিক ৫৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে। উচ্চ শিক্ষায় বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণায় বরাদ্দের পরিমাণ ২০১৬-১৭ অর্থবছরে মূল বাজেটে ছিল ২৮ কোটি ৯৭ লাখ টাকা। ২০১৭-১৮ অর্থবছরের মূল বাজেটে তা বেড়ে দাঁড়ায় ৬১ কোটি ৫৫ লাখ টাকা, যা আগের বছরের তুলনায় ১১২ দশমকি ৪৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে সভায় বাজেট উপস্থাপন করেন কমিশনের সচিব ড. মো. খালেদ। এ ছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, ইউজিসির সদস্য প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মো. আখতার হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. আলী আকবর, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ আলাউদ্দিন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম অহিদুজ্জামানসহ ইউজিসির কর্মকর্তারা উপস্থিত ছিলেন।